

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ৪৬৯৪

আগরতলা, ২৫ জানুয়ারি, ২০২৪

‘অদ্বৈত মল্লবর্মণের গ্রাম্য জীবন ও বর্তমান প্রাসঙ্গিকতা’ শীর্ষক আলোচনাচক্র

অদ্বৈত মল্লবর্মণের লেখা আমাদের অনুপ্রেরণা দেয় : তপশিলিজাতি কল্যাণ মন্ত্রী

কথা সাহিত্যিক অদ্বৈত মল্লবর্মণ ‘তিতাস একটি নদীর নাম’ উপন্যাসে সমাজের অবহেলিত ও নিম্নবর্ণের মানুষদের কথা তুলে ধরেছেন। সমাজের নিম্নবর্ণের ও অবহেলিত মানুষের কথা এই উপন্যাসে তিনি নিখুঁতভাবে লিখে গেছেন। বর্তমান প্রজন্মের কাছে কথা সাহিত্যিক অদ্বৈত মল্লবর্মণের চিন্তা ভাবনার কথা তুলে ধরতে হবে। আজ বীরবিক্রম মেমোরিয়াল মহাবিদ্যালয়ের অডিটোরিয়ামে ‘সাহিত্যিক অদ্বৈত মল্লবর্মণের গ্রাম্য জীবন ও বর্তমান প্রাসঙ্গিক’ শীর্ষক আলোচনাচক্রের উদ্বোধন করে তপশিলি জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস একথা বলেন। কথা সাহিত্যিক অদ্বৈত মল্লবর্মণের ১১০তম জন্মবার্ষিকী উপলক্ষে তপশিলি জাতি কল্যাণ দপ্তর এই আলোচনাচক্রের আয়োজন করে।

আলোচনাচক্রের উদ্বোধন করে তপশিলিজাতি কল্যাণ মন্ত্রী আরও বলেন, কথা সাহিত্যিক অদ্বৈত মল্লবর্মণের লেখা কবিতা, নিবন্ধ ও সাহিত্য আমাদের অনুপ্রেরণা দেয়। গত ১ জানুয়ারি সোনামুড়া মহকুমার কেমতলীতে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা কথা সাহিত্যিক অদ্বৈত মল্লবর্মণের ১১০তম জন্মজয়ন্তীর সূচনা করেন। অদ্বৈত মল্লবর্মণের জন্মজয়ন্তীর অঙ্গ হিসেবে তপশিলিজাতি কল্যাণ দপ্তর জানুয়ারি মাসব্যাপী বিভিন্ন মহকুমা, জেলা ও মহাবিদ্যালয়ে আলোচনাচক্র, কুইজ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। তিনি বলেন, কথা সাহিত্যিক অদ্বৈত মল্লবর্মণ আমাদের হৃদয়ে থাকবেন।

অনুষ্ঠানে মুখ্য আলোচক বীরবিক্রম মেমোরিয়াল মহাবিদ্যালয়ের সহযোগী অধ্যাপিকা ড. খেলন দাস বলেন, কথা সাহিত্যিক অদ্বৈত মল্লবর্মণ ‘তিতাস একটি নদীর নাম’ যে উপন্যাস সৃষ্টি করে গেছেন তা ব্রাত্য জীবনের কাছে সম্পদ হয়ে উঠেছে। তিনি অদ্বৈত মল্লবর্মণের জীবন ও কর্মধারা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। তাছাড়া বক্তব্য রাখেন ত্রিপুরা স্টেট কনজিউমার কো-অপারেটিভ ফেডারেশনের চেয়ারম্যান টুটন দাস, ত্রিপুরা রিয়েল এস্টেট রেগুলেটরি অথরিটির চেয়ারম্যান তাপস দাস, ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের সহকারি অধ্যাপক ড. নির্মল দাস ও এমবিবি মহাবিদ্যালয়ের সহকারি অধ্যাপক ড. জয়কুমার দাস। স্বাগত বক্তব্য রাখেন তপশিলি জাতি কল্যাণ দপ্তরের অধিকর্তা অসীম সাহা।

অনুষ্ঠান শুরুর আগে অতিথিগণ কথা সাহিত্যিক অদ্বৈত মল্লবর্মণের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। অনুষ্ঠানে অদ্বৈত মল্লবর্মণ স্মৃতি পুরস্কারপ্রাপ্ত কবি ব্রজেন্দ্র চন্দ্র দাস কবিতা পাঠ করেন। আলোচনাচক্রে সভাপতিত্ব করেন বীরবিক্রম মেমোরিয়াল মহাবিদ্যালয়ের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ড. জীবন কৃষ্ণ পাত্র। ধন্যবাদ জ্ঞাপন করেন বীরবিক্রম মেমোরিয়াল মহাবিদ্যালয়ের সহকারি অধ্যাপিকা ড. বনালী ভৌমিক।
